

## ট্রাভেল এজেন্সি নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

(ক) এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের ছবি;

(খ) পূরণকৃত আবেদন ফরম;

(গ) আবেদন ফি জমার ট্রেজারি চালানের মূলকপি;

(ঘ) হালনাগাদ ট্রেডলাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(ঙ) টিআইএন সনদ;

(চ) ব্যবসায়িক ঠিকানার সমর্থনে হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ/বাড়ি ভাড়া চুক্তিপত্রের নোটারীকৃত কপি;

(ছ) হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ/বাড়ি ভাড়া পরিশোধের রশিদ ১০/- টাকার রাজস্ব স্ট্যাম্পযুক্ত।

(জ) লিমিটেড কোম্পানি/ অংশীদারী প্রতিষ্ঠান হলে মেমোরেন্ডাম অব এসোসিয়েশন/ আর্টিকেলস্ অব এসোসিয়েশন/সার্টিফিকেট অব ইনকর্পোরেশন-এর সত্যায়িত অনুলিপি/অংশীদারী চুক্তি;

(ঝ) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্প হলফনামা;

ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা কপি সংযুক্ত করিতে হইবে।

(ঞ) নূন্যতম ১০ (দশ) লক্ষ টাকা স্থিতির ব্যাংক সার্টিফিকেট;

(ট) পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট

(ঠ) এজেন্সির অফিসের ছবি।

(ড) স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর।

## ট্রাভেল এজেন্সি নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

(ক) এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের ছবি;
(খ) পূরণকৃত আবেদন ফরম;
(গ) নিবন্ধন সনদের অনুলিপি;
(ঘ) আবেদন ফি জমার ট্রেজারি চালানের মূল কপি;
(ঙ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;
(চ) হালনাগাদ আয়কর পরিশোধ প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি;
(ছ) ব্যবসায়িক ঠিকানার সমর্থনে হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ/বাড়ি ভাড়ার চুক্তিপত্রের নোটারীকৃত কপি;
(জ) হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ/বাড়ি ভাড়া পরিশোধের রশিদ ১০/- টাকার রাজস্ব স্ট্যাম্পযুক্ত।
(ঝ) লিমিটেড কোম্পানি হলে সিএ ফর্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ববর্তী তিন বছরের অডিট রিপোর্টের সত্যায়িত অনুলিপি;
(ঞ) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত হলফনামা;
(ট) বার্ষিক ন্যূনতম ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হিসেবে গত তিন বছরে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার ব্যবসায়িক লেন-দেন সংক্রান্ত প্রমাণপত্র;
(ঠ) এজেন্সির অফিসের ছবি;
(ড) স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর।